দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 25 1999
পৃষ্ঠা ১০ কলাম ৭

92

## কসবা টি আলী কলেজের অধ্যক্ষ বরখাস্ত

ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতা ॥ কসবা টি আলী কলেজের অধ্যক্ষ আবদুল হামিদ খন্দকারকে জালিয়াতি ও দুর্নীতির অভিযোগে গত ৩০শে ডিসেম্বর চাকুরী হইতে বরখাস্ত করা হইয়াছে। কলেজের একটি সূত্র জানায়, জালিয়াতির মাধ্যমে চাকুরী গ্রহণ, কলেজের অর্থ আত্মসাৎ, জাল রেজিষ্ট্রেশন, দায়িত্ব ও কর্তব্যে অবহেলা ও প্রশাসনিক অদক্ষতার অভিযোগে গত বছরের ২৪শে ফেব্রুয়ারী কলেজের অধ্যক্ষ আবদুল হামিদ খন্দকারকে সাসপেণ্ড করা হয়। তাহার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ চূড়ান্ত তদন্ত করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি গত ১৪ই আগষ্ট অধ্যক্ষের উপস্থিতিতে অভিযোগসমূহ সরেজমিনে তদন্ত করেন এবং অভিযোগসমূহ সত্য বলিয়া তদন্ত প্রতিবেদন প্রদান করেন। বেসরকারী কলেজের চাকুরীবিধি ১৯৯৪-এর ধারা মোতাবেক গত ৩০শে ডিসেম্বর কলেজ পরিচালনা কমিটির সভাপতি শাহ আলম এমপি অধ্যক্ষকে চাকুরী হইতে বরখাস্ত করেন। তাহাছাড়া আত্মসাৎকৃত সমুদয় অর্থ (সরকারী ও কলেজ অংশ) ফেরত প্রদানসহ কলেজের ১৯৯৫-৯৬, ৯৬-৯৭ ও ৯৭-৯৮ অর্থ বছরের পূর্ণ হিসাব ১৫ দিনের মধ্যে প্রদান করিবার জন্য নির্দেশ প্রদান করা হইয়াছে।